

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৯.১৯-৪১০

তারিখঃ ২৪ শ্রাবণ ১৪২৬
০৮ আগস্ট ২০১৯

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-৪৭১/২০১৯ (রিট পিটিশন নং- ১৪৫৭/২০১৮ হতে উদ্ধৃত) মামলার বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণকরত গৃহীত ব্যবস্থা সম্পর্কে টিএমইডি-কে অবহিতকরণ।

সূত্রঃ (১) মহামান্য হাইকোর্ট হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-৪৭১/২০১৯ (রিট পিটিশন নং-১৪৫৭/২০১৮ হতে উদ্ধৃত) মামলার রুলনিশি।
(২) ইআবি স্মারক নং- ইআবি/প্রশা/ফা.প.ব/ঢ-১২৯/২০১৬/২৯৫১, তারিখ: ২৬/০৪/২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন আশরাফ চৌধুরী ফাজিল মাদ্রাসা'র গভর্নিং বডির অনুমোদন দিয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে ২৬/০৪/২০১৬ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকে পত্র জারি করা হয়।

২। উক্ত পত্রের বিরুদ্ধে সংশ্লিষ্ট হয়ে তাকে বর্ণিত প্রতিষ্ঠানের গভর্নিং বডি অথবা এডহক গভর্নিং বডির সভাপতি মনোনয়নের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে জনাব খুররম খান চৌধুরী (মুক্তিযোদ্ধা), পিতা-মৃত. আশরাফ হোসেন খান চৌধুরী, বর্তমান ঠিকানা- বাসা নং-২১, রোড নং-২৪, গুলশান-১, ঢাকা কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১৪৫৭/২০১৮ মামলা দায়ের করা হয়।

৩। বিগত ২৯/৫/২০১৮ তারিখে মাননীয় উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং-১৪৫৭/২০১৮ মামলার রায়/নির্দেশনার অংশবিশেষ নিম্নরূপ-
"The impugned order dated 26.04.2016 (Annexure-F) is declared to be without any lawful authority and is of no legal effect and the respondents are directed to nominate the petitioner as the President of the regular Governing Body or Ad-hoc Governing Body, as the case may be, of Ashraf Choudhury Fazil Madrasha (Code No-12112) situated at Moazzempur under Police Station- Nandail, District- Mymensingh forthwith.


৪। উক্ত রায়/নির্দেশনার বিরুদ্ধে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল দায়ের করা হয়েছে কীনা সে বিষয়ে কোন তথ্য জানা যায়নি।

৫। এক্ষণে রিট মামলার রায়/নির্দেশনার আলোকে প্রতিকার না পাওয়ায় পিটিশনার (জনাব খুররম খান চৌধুরী) কর্তৃক আলোচ্য প্রতিষ্ঠানের গভর্নিং বডি অথবা এডহক গভর্নিং বডির সভাপতি মনোনয়নের নির্দেশনা দাবী করে কনটেম্পট পিটিশন নং-৪৭১/২০১৯ (রিট পিটিশন নং-১৪৫৭/২০১৮ হতে উদ্ধৃত) মামলা দায়ের করা হয়েছে। বর্ণিত কনটেম্পট মামলায় জনাব মুন্সী শাহাব উদ্দিন সচিব মহোদয়, টিএমইডি এবং ড. মো: আহসান উল্লাহ, উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়সহ মোট ০৫ (পাঁচ) জন-কে রেসপনডেন্ট কনটেম্পটনর করা হয়েছে।

৬। গত ২৩/৭/২০১৯ তারিখে মাননীয় কনটেম্পট আদালত কর্তৃক শুনানী শেষে রিট পিটিশন নং-১৪৫৭/২০১৮ মামলার ২৯/০৫/২০১৮ তারিখের রায়/আদেশ অবমাননার দায়ে কনটেম্পটনরগণের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না; সে মর্মে ৩০/০৭/২০১৯ তারিখে অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণ-কে নির্দেশনা প্রদান করা হয়েছে। একইসাথে অত্র আদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে কোন রকম অপারগতা ব্যতিরেকে রিট মামলার বিষয়ে মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত রায়/আদেশ বাস্তবায়নের জন্য রেসপনডেন্ট কনটেম্পটনরগণের প্রতি নির্দেশনা দিয়ে এক অন্তর্বর্তীকালীন আদেশ দেয়া হয়েছে।

৭। উল্লেখ্য যে, ফায়িল-কামিল মাদ্রাসার গভর্নিং বডি গঠন সংক্রান্ত কার্যক্রম ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্পন্ন করা হয়ে থাকে। বিধায় আলোচ্য কনটেম্পট মামলার জবাব মহোদয়ের দপ্তর হতে প্রদান করা আবশ্যিক।

৮। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-৪৭১/২০১৯ (রিট পিটিশন নং-১৪৫৭/২০১৮ হতে উদ্ধৃত) মামলায় মাননীয় কনটেম্পট আদালত কর্তৃক গত ২৩/০৭/২০১৯ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২৫/৮/২০১৯ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
বাড়ি নং-১২৪/২২, ব্লক-এ, রোড নং-০৩
পশ্চিম ধানমন্ডি মেইন রোড, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।